মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

বিবিধ ডকুমেন্ট ও তৎ অনুলিপির জন্য আবেদন

আবেদনপত্র আবেদনকারী ছাত্র-ছাত্রীকে অবশ্যই নিজ হাতে পূরণ করতে হবে।
(অপ্রয়োজনীয় অংশ কেটে দিতে হবে)

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাত্র/ছাত্রীর এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

বরাবরে
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

বিষয়: পরিচ্ছন্ন / দ্বি-নকল / নম্বর-ফর্দ / একাডেমিক ট্রান্সক্রিপ্ট / প্রবেশপত্র এর জন্য আবেদন।

মহোদয়,

বিনীত প্রার্থনা এই যে, আমার উল্লেখিত ডকুমেন্ট প্রাপ্তির জন্য ফি বাবদ .... কথায় (..) টাকার ব্যাঙ্ক জমা রসিদ সহ প্রয়োজনীয় কাগজপত্র এতদসঙ্গে দেয়া হল। অনুগ্রহ পূর্বক আমার ডকুমেন্টটি ইস্যু করে বাধিত করবেন।

১। নাম (স্পষ্টাক্ষরে বাংলায়) :..
ইংরেজীতে (বড় অক্ষরে) :..
২। পিতার নাম (স্পষ্টাক্ষরে বাংলায়) : ....
ইংরেজীতে (বড় অক্ষরে) :..
৩। মাতার নাম (স্পষ্টাক্ষরে বাংলায়) :..
ইংরেজীতে (বড় অক্ষরে) :..
৪। জন্ম তারিখ (জে. এস. সি/এস. এস. সি. রেজিস্ট্রেশন অনুসারে) ....
৫। শিক্ষা প্রতিষ্ঠানের নাম (স্পষ্টাক্ষরে বাংলায়) :..
৬। পরীক্ষার নাম :.................................... পাসের সন :.................................... রোল নং:...............................
রেজিস্ট্রেশন নাম্বার :.............................. শিক্ষা বর্ষ :.................................... গ্রুপ (শাখা) :.......................
প্রাপ্ত বিভাগ / জি পি এ :......................... কেন্দ্রের নাম ও কোড:...
৭। জাতীয়তা :.. ফোন নাম্বার (যদি থাকে)
৮। বিজ্ঞপ্তিকৃত দৈনিক পত্রিকার নাম :.. তারিখ:..............................
৯। নগদ জমা রসিদ / ড্রাফট নং :.. তারিখ:..............................
ব্যাঙ্কের নাম:... শাখা:...............................
১০। বর্তমান ঠিকানা:...

আমি অঙ্গীকার করছি যে, উপরোক্ত বিবরণী সত্য ও দলিল পত্রাদি সঠিক। যদি প্রদত্ত বিবরণী ও দলিল পত্রাদি মিথ্যা প্রমাণিত হয় তবে আমার আবেদন বাতিল বলে গণ্য হবে এবং ভুল তথ্যের জন্য আমি দায়ী থাকব।

আপনার অনুগত

প্রদত্ত বর্ণনা সঠিক:-

(আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর ও তারিখ)

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল

প্রাধিকার: আবেদনকারী / তার প্রতিনিধি / .... কে ডকুমেন্টটি হাতে হাতে প্রদান করা যায়। নিম্নে তার নমুনা স্বাক্ষর সত্যায়িত করা হল।

১। ____________________________________

২। ____________________________________

৩। ____________________________________

____

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল

(নিয়মাবলী পরবর্তী পাতায়)

বিবিধ ডকুমেন্ট ও তৎ অনুলিপির প্রাপ্তির নিয়মাবলী

১। **আবেদন ফর্ম পূরণ:** আবেদন ফর্ম আবেদনকারী ছাত্র-ছাত্রীকে অবশ্যই নিজ হাতে পূরণ করতে হবে। প্রত্যেক ডকুমেন্টের জন্য আলাদা আলাদা ফর্ম পূরণ করতে হবে। নিয়মিত ও অনিয়মিত প্রার্থীদের আবেদনপত্রে সত্যায়িত শব্দটির নিচে অবশ্যই যে প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশ গ্রহণ করেছে সে প্রতিষ্ঠান প্রধানের দস্তখত ও সীল মোহর থাকতে হবে।

২। **ফি জমাদান পদ্ধতি:** আবেদনকারীর নামে অবশ্যই সকল প্রকার ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রামের অনুকূলে ব্যাংক ড্রাফট করতঃ উক্ত ড্রাফট সোনালী ব্যাংক লিঃ, (বরদের নিচ তলায়) বুথে জমা করে রসিদের একাংশ বোর্ডের হিসাব শাখায় দাখিল করে অবশিষ্ট সংশ্লিষ্ট শাখার অংশ দরখাস্তের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট শাখায় পেশ করতে হবে। নগদ টাকা, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, ট্রেজারি চালান ইত্যাদি বোর্ডের দি হিসাবে গ্রহণ করা হবে না।

৩। **পরিচ্ছন্ন/সংশোধিত:** পরিচ্ছন্ন প্রবেশপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশীট/মূল সনদের আবেদনের ক্ষেত্রে পূর্বের মূল ডকুমেন্ট জমা দিতে হবে এবং আবেদন পত্র জমা দেওয়ার সময় মূল রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন করতে হবে। নাম, বয়স, পিতার নাম, মাতার নাম পরিবর্তনের ক্ষেত্রে অত্র বোর্ড অফিস থেকে প্রদত্ত সংশোধনের চিঠির মূল কপি প্রদর্শন করতে হবে।

৪। **দ্বি-নকল:** দ্বি-নকল/ত্রি-নকল/চৌ নকল সনদ / নম্বর ফর্দ বা একাডেমিক ট্রান্সক্রিপ্ট / প্রবেশপত্র ইত্যাদির জন্য আবেদনকারীকে অবশ্যই থানায় এজাহার (জি. ডি.), পরীক্ষার নাম, রোল নম্বর, পাসের সন উল্লেখ করে হারানো বিজ্ঞপ্তি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। বোর্ড ইস্যুকৃত কোন ডকুমেন্ট হারিয়ে গেলে অথবা বিনষ্ট হলে থানায় এজাহার, পত্রিকার বিজ্ঞপ্তি এবং কোন কলেজে ভর্তি হয় নাই এই মর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশকৃত অভিভাবকের অঙ্গিকারনামা দাখিল করতে হবে। পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার ১৫ (পনের) দিন পর আবেদন দাখিল করতে হবে। তবে ফলাফল বিবরণী / প্রবেশপত্র / সনদের অংশ / রোল নং, কেন্দ্র ও পরীক্ষার্থীর নাম না থাকলে তা গ্রহণযোগ্য হবে না। দ্বি নকল নম্বরফর্দ / একাডেমিক ট্রান্সক্রিপ্ট / সনদপত্রের আবেদন দাখিল করার সময় মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রদর্শন করতে হবে এবং আবেদনকারী উক্ত পরীক্ষাই উত্তীর্ণ হয়েছে এমন অন্তত একটি ডকুমেন্টের ফটোকপি সংযুক্ত করতে হবে। দ্বি-নকল প্রবেশপত্রের আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও নম্বর ফর্দ/ টেবুলেশন শিট এর সত্যায়িত কপি জমা দিতে হবে। দ্বি-নকলের জন্য আবেদন করার সময় আবেদনকারীকে স্বয়ং উপস্থিত থেকে আবেদনপত্র জমা দিতে হবে।

৫। **সনদপত্র ইস্যু:** মূল সনদ / দ্বি-নকল / ত্রি নকল সনদ / দ্বি-নকল প্রবেশপত্র/ ফলাফল বিবরণী ইত্যাদি প্রতিষ্ঠান প্রধান / তাঁর প্রাপ্তিকার প্রাপ্ত প্রতিনিধি কর্তৃক সংগ্রহ করতে হবে। কোন অবস্থাতেই আবেদনকারীকে হাতে হাতে প্রধান করা হবে না। তবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকলে বিশেষ বিবেচনায় হাতে হাতে প্রদান করা যেতে পারে।

৬। **ফি'র হার:** অত্র বোর্ডের অধীনে অনুষ্ঠিত বা অনুষ্ঠেয় সকল প্রকার পরীক্ষার সনদ ও অন্যান্য ডকুমেন্টের ফি এর বিবরণী নিম্নে দেওয়া হল:

জুনিয়র/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক- এর বিবিধ ডকুমেন্ট উত্তোলন ফি:

ক্রঃনঃ	বিবরণ	ফি'র হার	ক্রঃনঃ	বিবরণ	ফি'র হার
I	ক) পরিচ্ছন্ন/সংশোধিত প্রবেশপত্র	২০০/- (দুইশত) টাকা	III	ক) পরিচ্ছন্ন/সংশোধিত মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরফর্দ ফি	৩০০/- (তিনশত) টাকা
	খ) দ্বি-নকল প্রবেশপত্র ফি	১৫০/- (একশত পঞ্চাশ) টাকা		খ) দ্বি-নকল নম্বরফর্দ ফি	২০০/- (দুইশত) টাকা
	গ) ত্রি নকল প্রবেশ পত্র ফি	২০০/- (দুইশত) টাকা		গ) ত্রি-নকল নম্বরফর্দ ফি	৩০০/- (তিনশত) টাকা
	ঘ) চৌ নকল প্রবেশ পত্র ফি	৩০০/- (তিনশত) টাকা		ঘ) চৌ-নকল নম্বরফর্দ ফি	৪০০/- (চারশত) টাকা
II	ক) পরিচ্ছন্ন সংশোধিত মূল সনদপত্র ফি	৭০০/- (সাতশত) টাকা	IV	ক) সাময়িক সনদপত্র ফি	২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা
	খ) দ্বি-নকল সনদপত্র ফি	৩০০/- (তিনশত) টাকা		খ) দ্বি-নকল সাময়িক সনদপত্র ফি	৩০০/- (তিনশত) টাকা
	গ) ত্রি নকল সনদ পত্র ফি	৪০০/- (চারশত) টাকা	V	যাচাই ফি: (মূল সনদপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র)	১০০/- (একশত) টাকা
	ঘ) চৌ-নকল সনদপত্র ফি	৫০০/- (পাঁচশত) টাকা			

৭। **জরুরি ফি:** উপরের যে কোন ডকুমেন্ট জমাদানের পরবর্তী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে পেতে হলে নির্ধারিত এর অতিরিক্ত ২০০/- (দুইশত) টাকা জমা দিতে হবে।

৮। আবেদনপত্র দাখিলের দুই মাসের মধ্যে সনদপত্র / নম্বর ফর্দ / একাডেমিক ট্রান্সক্রিপ্ট / প্রবেশ পত্র সংশ্লিষ্ট দপ্তর থেকে গ্রহণ না করলে এবং কোন কারণে উক্ত ডকুমেন্ট পাওয়া না গেলে সেই ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না।

৯। বিদেশী নাগরিকগণ তাদের আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে অত্র বোর্ডের সচিবের অনুকূলে গ্রহণযোগ্য ব্যাংক ড্রাফটসহ নিজ নিজ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে পাঠাতে হবে।

১০। অসম্পূর্ণ ও অনিয়মিত আবেদন বাতিল বলে গণ্য হবে। অসম্পূর্ণ আবেদনের জন্য কোন পত্র যোগাযোগ করা হবে না।

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।
ফোনঃ ০৩১-২৫৫৩১৪৫

(প্রয়োজনে এই ফরম ফটোকপি করে ব্যবহার করা যাবে)।